গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
সখিপুর, টাঙ্গাইল

স্মারক নং- ১৩.০২.৯৩৮৫.০০৩.৩২.০৫.২৪- ৩৮০ তারিখ: ১৪/১১/২০২৪ খ্রিঃ

## **"ওএমএস ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি"**

খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, সরবরাহ-১ শাখা, ঢাকা এর স্মারক নং-১৩.০০.০০০০.০৪৬.৩৬.০০১-২০৫ তারিখ: ০৯/১০/২০২৪ খ্রি. মূলে জারীকৃত পরিপত্র ও ওএমএস নীতিমালা, ২০২৪ মোতাবেক ১৪/১০/২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা ওএমএস কমিটির সিদ্ধান্ত অনুযায়ী টাঙ্গাইল জেলার সখিপুর উপজেলার সখিপুর পৌরসভায় আগামী ০৫ (পাঁচ) বছর ওএমএস কার্যক্রম পরিচালনার জন্য নিম্নলিখিত স্থানের বিক্রয় কেন্দ্রে ডিলারশিপ পরিচালনার নিমিত্তে নতুন ডিলার নিয়োগ কল্পে সখিপুর পৌরসভার প্রকৃত খাদ্যশস্য লাইসেন্স প্রাপ্ত ব্যক্তির নিকট হতে নির্দিষ্ট ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র.নং | পৌরসভার নাম | বিক্রয় কেন্দ্রের নাম | ক্রঃ নং | পৌরসভার নাম | বিক্রয় কেন্দ্রের নাম |
|---|---|---|---|---|---|
| ০১ | সখিপুর | হাসপাতালের দক্ষিণ পার্শ্বে | ০৪ | সখিপুর | ক্যাপ্টেন মোড় |
| ০২ | সখিপুর | মুজিব কলেজ মোড় | ০৫ | সখিপুর | জেলখানা মোড় |
| ০৩ | সখিপুর | গার্লস স্কুল সংলগ্ন উত্তরা মোড় | ০৬ | সখিপুর | গ্যাস ফিল্ড চৌরাস্তা |

আবেদনকারির যোগ্যতা:

০১। আবেদনকারীকে বয়স ১৮ বছরের উর্ধ্বে, বাংলাদেশের প্রকৃত নাগরিক এবং সখিপুর পৌরসভার স্থায়ী বাসিন্দা হতে হবে।
০২। আবেদনকারী যে বিক্রয় কেন্দ্রর ডিলার হতে আগ্রহী আবেদনপত্রে সেই বিক্রয় কেন্দ্রের স্থান উল্লেখ করতে হবে।
০৩। আবেদনকারীর পৌরসভার ট্রেড লাইসেন্স থাকতে হবে এবং খাদ্যশস্যর লাইসেন্স প্রাপ্ত ব্যবসায়ী হতে হবে।
০৪। আবেদনকারীর কমপক্ষে ০৩(তিন) মে. টন খাদ্যশস্য সংরক্ষণের উপযোগী সংরক্ষনাগার থাকতে হবে।
০৫। আবেদনকারীর মালামালের হিসাব সংরক্ষণের, স্মার্ট ফোন ও এ্যাপস ব্যবহারের সক্ষমতা থাকতে হবে।
০৬। আবেদনকারী ডিলার নিয়োগ হলে নিজস্ব ব্যবস্থাপনায় সরকার কর্তৃক নির্ধারিত স্থানে (ট্রাকে/দোকানে) খাদ্যশস্য বিক্রয় করতে হবে।
০৭। খাদ্য অধিদপ্তরের কোনো ডিলার/মিলার/ঠিকাদার, পূর্বে শাস্তিপ্রাপ্ত, কালো তালিকাভুক্ত বা যে কোনো অনিয়মের কারণে ডিলারশিপ বাতিল হওয়া ব্যক্তি ওএমএস ডিলারের জন্য আবেদন করতে পারবেন না।
০৮। খাদ্য অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন কোনো পরিবহন ঠিকাদার, শ্রম ঠিকাদার, মিলার ও খাদ্যবান্ধব ডিলার হিসাবে কর্মরত কোনো ব্যক্তি/তার উপর নির্ভরশীল কেউ এ কার্যক্রমের ডিলারের আবেদন করতে পারবেন না।
০৯।প্রজাতন্ত্রের লাভজনক পদে অধিষ্ঠিত কোনো কর্মকর্তা /কর্মচারী/জনপ্রতিনিধি ডিলারের জন্য আবেদন করতে পারবেন না।
১০। কোনো ব্যক্তি ডিলারশিপ প্রাপ্ত হলে নিজ ডিলারশিপ ব্যতীত অন্য কোন ডিলারের প্রতিনিধিত্ব করবেন না- মর্মে ৩০০ (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করতে হবে, এর ব্যত্যয় হলে উভয় ব্যক্তির ডিলারশিপ বাতিল হবে।
১১।খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা, ২০১৫ অনুযায়ী লাইসেন্স প্রাপ্ত ব্যক্তিগণ এ নীতিমালায় নতুনভাবে আবেদন করতে পারবেন। বিদ্যমান ডিলারদের মধ্যে কেউ বর্তমান নীতিমালা অনুযায়ী যোগ্য বিবেচিত হলে তাকে নতুন ডিলার হিসাবে তালিকাভুক্তির জন্য বিবেচনা করা যাবে।
১২। ওএমএস ডিলারশিপ প্রাপ্তির জন্য নিধারিত আবেদন ফরমে আবেদন করতে হবে, নিম্নস্বাক্ষকারীর দপ্তরে যোগাযোগ করে নির্ধারিত আবেদন ফরম (পরিশিষ্ট খ) সংগ্রহ করতে হবে। অফেরত যোগ্য ৫০০/- (পাঁচশত) টাকার ট্রেজারি চালানের মূল প্রদর্শন এবং চালানের ফটোকপি জমা দিয়ে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সখিপুর হতে আবেদন ফরম সংগ্রহ করা যাবে। চালানের টাকা প্রধান কার্যালয় খাদ্য অধিদপ্তরের কোড নং ১৪৮০২০১-১৩০২২০-১৪৪১২৯৯- অন্যান্য আদায় খাতে এ চালানের মাধ্যমে জমা দিতে হবে। টাকা জমা দেওয়ার পূর্বে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সখিপুর হতে চালান পাশ করতে হবে।
১৩। ওএমএস ডিলারশিপ প্রাপ্তির সাথে সাথে তফসিলি ব্যাংকে চালান মারফত নিধারিত ফি জমা করে ওএমএস লাইসেন্স গ্রহণ করতে হবে। উক্ত লাইসেন্স এর মেয়াদ হবে ০৫(পাঁচ) বছর। প্রতি বছর ৩০ জুন এর মধ্যে নির্ধারিত ফি জমা করে লাইসেন্স নবায়ন করতে হবে।
১৪। আবেদনকারী একাধিক বিক্রয় কেন্দ্রের জন্য আবেদন করতে পারবেন না।
১৫।একই কেন্দ্রের বিপরীতে একাধিক যোগ্য আবেদন কারী পাওয়া গেলে লটারীর মাধ্যমে ডিলার নির্বাচন করা হবে।
১৬। নির্বাচিত ডিলারকে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার ফেরতযোগ্য জামানত (পে-অর্ডার) প্রদান করতে হবে।
১৭। কর্তৃপক্ষ প্রয়োজনে ডিলার সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
১৮। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ/ভুল/মিথ্যা তথ্য দিয়ে আবেদন করলে উক্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে।

**আবেদনের সাথে নিম্নলিখিত ডকুমেন্টস এর সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।**

| | |
|---|---|
| ১। পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি। | ৫। দোকানের মালিকানা /ভাড়া সংক্রান্ত কাগজপত্রের ফটোকপি। |
| ২। ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদ। | ৬। জাতীয় পরিচয়পত্র ফটোকপি। |
| ৩। পৌরসভা ট্রেড লাইসেন্স এর ফটো কপি | ৭। নাগরিক সনদের ফটোকপি। |
| ৪। খাদ্য বিভাগ কর্তৃক খাদ্যশস্যর লাইসেন্স এর ফটোকপি। | ৮। অঙ্গীকার নামা |

আগ্রহী ব্যক্তিগণকে আগামী ২৫/১১/২০২৪ খ্রি. তারিখ বিকাল ০৫.০০ ঘটিকার মধ্যে বিক্রয় কেন্দ্রের নাম ও ঠিকানা উল্লেখপূর্বক প্রয়োজনীয় ডকুমেন্টসহ খাম বন্দী করে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সখিপুর, টাঙ্গাইল এ আবেদন পত্র দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

**বি.দ্র.- ওএমএস নীতিমালা, ২০২৪ অনুসরণ করে সখিপুর উপজেলা ওএমএস কমিটির অনুমোদন ক্রমে এই নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো। সরকার প্রয়োজনবোধে এই নীতিমালার যে কোন শর্ত ও বিষয় পরিবর্তন/ পরিমার্জন/ রহিতকরণ/ সংশোধন/ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।**

১৪।১১।২০২৪
(কনক কান্তি দেবনাথ)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ও সদস্য সচিব
উপজেলা ওএমএস কমিটি
সখিপুর, টাঙ্গাইল